গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হাসপাতাল ও ক্লিনিক শাখা
স্বাস্থ্য অধিদপ্তর,
মহাখালী,ঢাকা-১২১২।

স্মারকনং-স্বাঃ অধিঃ/হাসঃ/প্রাঃ ক্লিনিক/২০২০/ ২২৭ তারিখঃ- ১৮/০২/২০২০

বরাবর,
সচিব,
স্বাস্থ্য সেবা বিভাগ,
স্বাস্থ্য মন্ত্রনালয়,
বাংলাদেশ সচিবালয়,ঢাকা ।

দৃঃ আর্কষনঃ- অতিরিক্ত সচিব (হাসপাতাল) ।

বিষয়ঃ- দর্শনার্থী পাশ কার্ড ইস্যু সংক্রান্ত খসড়া নীতিমালা প্রেরন প্রসংগে।

সরকারী হাসপাতালে সংক্রমন প্রতিরোধের জন্য ও মানসম্মত সেবা প্রদান এবংপরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকল্পে দর্শনার্থীদের ভীড় নিয়ন্ত্রন অতীব জরুরী । কিন্তু বর্তমানে দর্শনার্থী পাশ কার্ড ইস্যু সংক্রান্ত কোনো সুনিদিষ্ট নীতিমালা নেই । এমতাবস্থায় অত্র শাখা বিভিন্ন ষ্টেক হোল্ডারদের সাথে আলোচনাক্রমে সকল সরকারী হাসপাতালসমুহে দর্শনার্থী পাশ কার্ড ইস্যু সংক্রান্ত একটি খসড়া নীতিমালা প্রণয়ন করেছে (কপি সংযুক্ত) ।

এমতাবস্থায়, প্রয়োজনীয় অনুমোদন/পরবতী ব্যবস্থা গ্রহনের জন্য উক্ত খড়সা নীতিমালটি আপনার বরাবরে প্রেরন করা হলো ।

সংযুক্তঃ- ০২(দুই) পাতা ।

(ডাঃ মোঃ আমিনুল হাসান)
পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমুহ)
স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা -১২১২
Email:directorhospital@ld.dghs.gov.bd
ফোন নং-৫৫০৬৭১৫০/৫৫০৬৭১৫১

স্মারকনং-স্বাঃ অধিঃ/হাসঃ/প্রাঃ ক্লিনিক/২০২০/ তারিখঃ-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হল।।

১। মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ।দৃ আকষনঃ-সহকারী পরিচালক(সমন্বয়)।
২। অফিস কপি ------ ------------------------------------ ।

(ডাঃ মোঃ আমিনুল হাসান)
পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমুহ)
স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা -১২১২
Email:directorhospital@ld.dghs.gov.bd
ফোন নং৫৫০৬৭১৫০/৫৫০৬৭১৫১

সকল সরকারী মেডিকেল কলেজ হাসপাতাল,বিশেষায়িত হাসপাতাল ও জেলা সদর হাসপাতালে দর্শনার্থী পাশ কার্ড সংক্রান্ত নীতিমালা ঃ-

প্রস্তাবিত নীতিমালাঃ-

১। সকল সরকারী মেডিকেল কলেজ হাসপাতাল,বিশেষায়িত হাসপাতাল ও জেলা সদর হাসপাতালে আগামী ১৭/০৩/২০২০ ইং তারিখ (মুজিব বর্ষের শুরুর দিন) হতে দর্শনার্থী পাশ কার্ড চালু করতে হবে/করা যেতে পারে।

২। প্রতিটি পাশ ল্যামিনেটিং করা থাকবে। পাশের উপর মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/জেলা সদর হাসপাতালের নাম,মনোগ্রাম সহ '' দর্শনার্থী পাশ কার্ড '' কথাটি বড় করে লেখা থাকবে। পাশ কার্ডে প্রতিষ্ঠান প্রধান বা তাহার পক্ষে মনোনীত কোন কর্মকর্তার স্বাক্ষর থাকবে।

৩। পাশ কার্ডের উপর **"মূল্য ৬০ (ষাট) টাকা - ফেরতযোগ্য ৫০ টাকা"** লেখা থাকবে। প্রতি পাশ কার্ড ইস্যু করার সময় ৬০ (ষাট) টাকা জামানত হিসাবে রাখাতে হবে এবং কার্ড ফেরত নেওয়ার সময় উক্ত ৫০ (পঞ্চাশ) টাকা দর্শনার্থীকে ফেরত দিতে হবে। বাকী ১০ টাকা কার্ড ছাপানোর খরচ ও অন্যান্য সার্ভিস চার্জ হিসাবে জমা থাকবে।

৪। পাশ কার্ড প্রদর্শন স্বাপেক্ষে যে কোন সময় পাশ কার্ডধারী হাসপাতালের গেট দিয়ে আসা যাওয়া করতে পারবে এবং রোগীর সেবা শুশ্রুষার জন্য রোগীর পাশে অবস্থান করতে পারবে। তবে একটি পাশ কার্ড দিয়ে শুধুমাএ ১টি ওয়ার্ডে ১ জন প্রবেশ ও অবস্থান করতে পারবে।

৫। একজন রোগীর জন্য শুধুমাএ ১টি পাশ কার্ড ইস্যু করতে হবে। তবে রোগী গুরুতর অসুস্থ হলে অনধিক ২টি পাশ কার্ড ইস্যু করা যেতে পারে।

৬। পাশ কার্ড ইস্যু করার জন্য বর্তমান তথ্য/অনুসন্ধান কেন্দ্র/জরুরী বিভাগকে ব্যবহার করা যেতে পারে। এই তথ্য কেন্দ্রে কর্মরত কর্মচারীগণ হাসপাতালের তথ্য সরবরাহের কার্য্যবলী ও পাশ কার্ড ইস্যুর দায়িত্ব একই সাথে পালন করবে।

৭। তথ্য কেন্দ্রে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনীত ১-৩ জন কর্মচারী নিয়োজিত থাকবে এবং তাহারা সার্বক্ষণিক (২৪ ঘন্টা) তথ্য প্রদান ও পাশ কার্ড গ্রহণ ও বিতরণ করবেন এবং পাশ কার্ড ইস্যু বাবদ জমাকৃত ও ফেরত প্রদানকৃত টাকার সঠিক হিসাব রেজিষ্টারে লিপিবদ্ধ রাখবেন।

৮। প্রতিষ্ঠান ভেদে প্রাথমিক ভাবে সর্বমোট ৫০০০ (পাঁচ হাজার) থেকে ১০,০০০ (দশ হাজার) পর্যন্ত ল্যামিনেটিং পাশ কার্ড ছাপানো যেতে পারে। উক্ত পাশ কার্ড সমূহ সরবরাহের পর যে টাকা জামানত হিসাবে পাওয়া যাবে তাহার ২০,০০০/- টাকা পর্যন্ত পাশ কার্ড ডেস্কে নগদ রাখা যাবে। অতিরিক্ত টাকা হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট জমা থাকবে।

৯। প্রয়োজনে উক্ত টাকা জামানত হিসাবে রাখার জন্য পরিচালক/তত্বাবধায়কের নামে স্থানীয় ব্যাংকে ১ টি নতুন হিসাব নম্বর খোলা যাবে।

১০। ইস্যুকৃত পাশ কার্ড হারিয়ে গেলে উক্ত জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে। উক্ত জামানত দিয়ে নতুন ''পাশ কার্ড'' ছাপানো হবে। তবে কোন অবস্থাতেই ১০,০০০ (দশ হাজার) পাশ কার্ডের অতিরিক্ত হবে না।

১১। প্রয়োজনে স্ব স্ব প্রতিষ্ঠানের পরিবেশ/অবস্থা/অন্যান্য বিষয় বিবেচনায় রেখে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির অনুমোদন সাপেক্ষে অন্য যে কোন গ্রহণযোগ্য/যুক্তিযুক্ত পদক্ষেপ যেমনঃ- আদায়কৃত টাকার ব্যবহার নিশ্চিত করা, সংশ্লিষ্ঠ কর্মচারীর সম্নানী/ফি দেয়ার ব্যবস্থা করা, ইত্যাদি গ্রহণ করা যেতে পারে।

১২। এতদসংক্রান্ত সকল আয়-ব্যায়ের হিসাব নিরীক্ষাযোগ্য হবে।

পরিচালক
হাসপাতাল ও ক্লিনিক সমূহ
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল।
www.cmch.gov.bd

স্মারক নং-চমেকহা/প্রশাসন/বিবিধ/২০১৯/ তারিখ: /০২/২০১৯ ইং

বিষয়ঃ চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে দর্শণার্থী পাশ কার্ড সংক্রান্ত নীতিমালা।

১। চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে আগামী ০১-০৩-২০১৯ ইং তারিখ হইতে পাশ কার্ড চালু করা হইবে।

২। প্রতিটি পাশ ল্যামিনেটিং করা থাকবে। পাশের উপর চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের মনোগ্রাম,নাম,হাসপাতালে অবস্থানের অনুমতিপত্র ও ভিজিটর পাশ এই দুই ধরনের পাশ কার্ড থাকিবে।

৩। পাশ কার্ডের উপর মূল্য ২০/- টাকা (ফেরতযোগ্য) লেখা থাকবে। প্রতি পাশ কার্ড জমা দেওয়ার সময় ২০/- টাকা জামানত হিসাবে রাখা হবে এবং কার্ড ফেরত দেওয়ার সাথে সাথে উক্ত ২০/- টাকা ফেরত দেওয়া হবে।

৪। পাশ কার্ড প্রদর্শন স্বাপেক্ষে যে কোন সময় পাশ কার্ডধারী হাসপাতালের গেইট দিয়ে আসা যাওয়া করতে পারবে এবং রোগীর সেবা শুশ্রুষার জন্য রোগীর পাশে অবস্থান করতে পারবে। তবে ১টি পাশ কার্ড দিয়ে শুধুমাত্র ১টি ওয়ার্ডে ১ জন প্রবেশ ও অবস্থান করা যাবে।

৫। একজন রোগীর জন্য শুধুমাত্র ১টি পাশ কার্ড ইস্যু করা হবে। তবে রোগী গুরুতর অসুস্থ হলে অনধিক ২টি পাশ কার্ড ইস্যু করা হবে।

৬। পাশ কার্ড ইস্যু করার জন্য বর্তমান তথ্য কেন্দ্রটি ব্যবহার করা হবে। এই তথ্য কেন্দ্রে পাশ কার্ড প্রদানকারী কর্মচারী হাসপাতালের তথ্য সরবরাহের কার্য্যবলী একই সাথে পালন করবে।

৭। তথ্য কেন্দ্রে সার্বক্ষণিক একজন কর্মচারী নিয়োজিত থাকবে এবং তিনি ২৪ ঘন্টা তথ্য প্রদান ও পাশ কার্ড গ্রহণ ও বিতরণ করবেন।

৮। সর্বমোট ১০,০০০ (দশ হাজার) ল্যামনেটিং পাশ কার্ড ছাপানো হবে। উক্ত পাশ কার্ড সমূহ সরবরাহের পর যে টাকা জামানত হিসাবে পাওয়া যাবে তাহার ২০,০০০/- টাকা পর্যন্ত পাশ কার্ড ডেক্সে রাখা যাবে। অতিরিক্ত টাকা হিসাব রক্ষন কর্মকর্তার নিকট জমা থাকবে।

৯। প্রয়োজনে উক্ত টাকা জামানত হিসাবে রাখার জন্য পরিচালকের নামে স্থানীয় ব্যাংকে ১টি নতুন হিসাব নম্বর খোলা যাবে।

১০। পাশ কার্ড হারাইয়া গেলে উক্ত জামানত বাজেয়াপ্ত বলে গন্য হবে। উক্ত জামানত দিয়ে নতুন "পাশ কার্ড" ছাপানো হবে। তবে কোন অবস্থাতেই ১০,০০০ (দশ হাজার) পাশ কার্ডের অতিরিক্ত হবে না।

Sd/=
ব্রিগেডিয়ার জেনারেল মোহসেন উদ্দিন আহমদ
পরিচালক
ফোনঃ ০৩১-৬৩০১৭৯, ফ্যাক্স ঃ ০৩১-৬১০০২২
Email: cmch@hospi.dghs.gov.bd

স্মারক নং-চমেকহা/প্রশাসন/বিবিধ/২০১৯/ ২১৭৪ তারিখ: ২৮/০২/২০১৯ ইং

১। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। দৃষ্টি আকষর্ণঃ অতিরিক্ত সচিব হাসপাতাল।
২। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর , মহাখালী, ঢাক-১২১২।
৩। অধ্যক্ষ, চট্টগ্রাম মেডিকেল কলেজ।
৪। বিভাগীয় প্রধান(সকল)----------------------, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল।
৬। প্রশাসনিক কর্মকর্তা, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল।
৭। হিসাব রক্ষন কর্মকর্তা, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল।

২৮/২/১৯
ডাঃ আখতারুল ইসলাম
উপ-পরিচালক
চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল।